

যুগান্তর

প্রিন্ট: ২৩ নভেম্বর ২০২৫, ০২:৪৪ পিএম

শিক্ষাঙ্গন

ভিকারুননিসায় রোববারের প্রথম-নবম শ্রেণির বার্ষিক পরীক্ষা স্থগিত



যুগান্তর ডেস্ক

প্রকাশ: ২৩ নভেম্বর ২০২৫, ১০:২৪ এএম



রাজধানীর ভিকারুননিসা নুন স্কুল অ্যান্ড কলেজের আজকের সব পরীক্ষা স্থগিত করা হয়েছে। শনিবার (২২ নভেম্বর) দিবাগত রাত পৌনে ১টার দিকে প্রতিষ্ঠানটির ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাজেদা বেগম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

জানা গেছে, আজ থেকে প্রতিষ্ঠানটির প্রথম থেকে নবম শ্রেণির বার্ষিক পরীক্ষা এবং একাদশ শ্রেণির শিক্ষার্থীদের বিশেষ কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, ভিকারুননিসা নুন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনিবার্য কারণবশত ২৩ নভেম্বর (রোববার) প্রথম থেকে নবম শ্রেণির বার্ষিক পরীক্ষা এবং একাদশ শ্রেণির কুইজ পরীক্ষা স্থগিত করা হলো।

তবে কলেজ শাখার একাদশ ও দ্বাদশ শ্রেণির নিয়মিত পাঠদান কার্যক্রম যথারীতি চলবে। শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানানো হয়েছে।

এদিকে শনিবার ঢাকা ও আশপাশের এলাকায় অল্প সময়ের ব্যবধানে দুই দফা ভূমিকম্প অনুভূত হয়। সন্ধ্যা ৬টা ৬ মিনিট ৪ সেকেন্ড ও ৬টা ৬ মিনিট ৫ সেকেন্ডে হওয়া ভূমিকম্প দুটির প্রথমটির মাত্রা ছিল রিখটার স্কেলে ৩ দশমিক ৭ এবং দ্বিতীয়টির মাত্রা ৪ দশমিক ৩। দুটি ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল ঢাকার বাড্ডা ও নরসিংদী। এর আগে শনিবার সকাল ১০টা ৩৬ মিনিট ১২ সেকেন্ডে আরও একটি কম্পন রেকর্ড করা হয়, যার মাত্রা ছিল ৩ দশমিক ৩। এর উৎপত্তি নরসিংদীর পলাশে।

এর আগের দিন শুক্রবার সকাল ১০টা ৩৮ মিনিট ৩৬ সেকেন্ডে নরসিংদী এলাকায় সংঘটিত শক্তিশালী ভূমিকম্প দেশজুড়ে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। এতে অন্তত ১০ জনের মৃত্যু ও কয়েকশ মানুষের আহত হওয়ার খবর পাওয়া গেছে। সাম্প্রতিক ধারাবাহিক ভূকম্পনের কারণে সারাদেশে আতঙ্ক ছড়িয়ে পড়েছে।